

৪. আইডিয়ার নামঃ শ্রমঘন স্থানে ওএমএস আটা বিক্রয়

খাদ্যশস্য বাজারমূল্য উল্লেখ্যগতি রোধ এবং দরিদ্র ও নিম্ন আয়ভুক্ত মানুষের কষ্ট লাঘবের লক্ষ্যে 'শ্রমঘন স্থানে ওএমএস আটা বিক্রি' আইডিয়াটি গ্রহণ করা হয়। এতে ঢাকা শহরের গার্মেন্টস ফ্যাক্টরি এলাকা নির্ধারণ করে সেখানে দরিদ্র জনগোষ্ঠীর মাঝে আটা বিক্রি করা হবে।

প্রক্রিয়াঃ

- ১। শ্রমঘন এলাকা নির্ধারণ
- ২। মাইকিং এর মাধ্যমে অবহিতকরণ
- ৩। ডিলার নিয়োগ
- ৪। আটা বরাদ্দ
- ৫। ডিলার কর্তৃক সিএসডিতে প্রতিদিন আটা গ্রহণ
- ৬। নির্দিষ্ট স্পটে আটাসহ ট্রাক গমন/নির্দিষ্ট দোকানে আটা উত্তোলন।
- ৭। বিক্রয় শুরু
- ৮। অবিক্রিত আটা পরবর্তী বরাদ্দের সাথে সমন্বয়।

সুবিধাসমূহঃ

শ্রমজীবী মানুষ সহজেই হাতের কাছে আটা পাবে, লাইনে ধরে আটা নেয়ার জন্য সময় নষ্ট ও কষ্ট হবে না, এতে করে তার শ্রমঘন্টা অন্য কাজে ব্যয় করতে পারবে। এক ভিজিটেই কাজ শেষ হবে এবং যাতায়াত ব্যয় হবে না।

TCV:

	সময়	খরচ	যাতায়াত
আইডিয়া বাস্তবায়নের পূর্বে	১৮ দিন	৫-১০টাকা জনপ্রতি (ব্যাগ ক্রয় বাবদ)	দীর্ঘ লাইনে দাঁড়ানো লাগতো এবং ব্যাগ কিনে ফেরার কারণে দুইবার আসতে হতো
আইডিয়া বাস্তবায়নের পরে	১০-১৩ দিন	০	টাকা দেয়ার সাথে সাথেই ভোক্তা কর্তৃক আটা ক্রয় এবং লাইনে দাঁড়ানো বিলম্ব হ্রাস
মোট পার্থক্য	৫-৮ দিন	৫-১০ টাকা জনপ্রতি	ওয়ান স্টপ সেবা প্রদান
অন্যান্য (TCV তেমন কমেনি কিন্তু গুণগত মান বৃদ্ধি পেয়েছে)			প্রকৃতপক্ষে সময় যা কমেছে তা সেবাদাতার। সেবাগ্রহীতার ব্যাগ কিনে আনা আবার লাইনে দাঁড়ানোর চেয়েও যেটি গুরুত্বপূর্ণ তা হলো লাইনে দাঁড়ানো লাগবে না বা কম সময় দাঁড়ানো লাগবে, বস্তা বা ব্যাগ কেনা বা নিয়ে আসা লাগবে না। টাকা দিয়ে ও স্বাক্ষর করে আটার বস্তা বা ব্যাগ নিয়ে চলে যাওয়া যাবে। এতে ওএমএস সেবার গুণগত মান বাড়বে এবং সরকারের উদ্দেশ্য সফল হবে। এমন কি এই সেবা জনবান্ধব হবে।